দৈনিক বাংলা

তারিখ 12/11/80
পৃষ্ঠা 7 কলাম 4

039

# সরকারী মাধ্যমিক শিক্ষকদের প্রতি খাল কাটায় অংশ নেয়ার আহ্বান

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি আলহাজ মোহাম্মদ দেলোয়ার হোসেন সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাগণকে রাষ্ট্রপতির অন্যতম বিপ্লব 'গণশিক্ষাকার্যক্রম' ও খাল কাটায় অংশ গ্রহণ করার জন্য আহবান জানিয়েছেন।

২রা নবেম্বর অনুষ্ঠিত সমিতির কার্যকরী পরিষদের এক সভায় রাষ্ট্রপতির বিপ্লবে অংশগ্রহণের এই সিদ্ধান্ত গৃহিত হয়। ধানমন্ডী গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলে এইসভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহিত অপর এক প্রস্তাবে আরমানিটোলা সরকারী বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক মাওলানা আবদুল আজিজের অকাল মৃত্যুতে এক মিনিট নিরবতা পালন করে তার আত্মার মাগফেরাত কামনা করা হয়। খবর প্রেস বিজ্ঞপ্তির।